Deed No. 5297/07. Book I, A.D.S.R. Behala

भारतीय गैर न्यायिक

भारत

TEN
RUPEES

Rs.10

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

18AA 095497

F (I) 2.00
F (II) 2.00
G (a) 3.15
G (b) 5.00
Plan 20.00
X 22.20
Stamp 10.00
C. FEE 10.00
74.35

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

31 JAN 2008

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR
অতিরিক্ত জেলা অবর নিবন্ধকের কার্য্যালয়
বেহালা
BEHALA

642
273

PLAN SHOWING IN R. S. DAG NO. 589 (PART) UNDER KHATIAN NO-144 L.R. KHATIAN NO 299 AT. MOUZA CHAKJOTSHIBRAMPUR J.L. NO. 25 WARD-NO.14 IN MAHESHTALA MUNICIPALITY P.S. MAHESHTALA DIST. SOUTH 24 PGS.

SCALE. 1" = 50'0"




SOLD AREA 1K. 9CH. (APPROX)
SHOWN IN RED

NAME OF PURCHASER
WEST BENGAL HOUSING BOARD (ABASAN)
105, S.N. BANERJEE ROAD
KOLKATA - 700014

Certified to be a true copy of the original plan Attached to deed No. 5297 of the year 2008
A.D.S.R. Behala

Addl. District Sub-Registrar, Behala, South 24-Parganas
31-1-08




Compared by D. Mukherjee.
DEBRAJ MUKHERJEE

Atul Krishna Maity
DRAWN BY.
A. K. MAITY
SURVEY OFFICE
JAGTALA (BATAMORE)
MAHESHTALA
SOUTH 24 PARGANAS

SIG. OF VENDORS

75

I 5297/07

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 713575

Stamp D... 7810

Has been Realised 033097 vide Bank Draft No.......... Dated 9/11/07 of S.B.I. Ballygunge Branch.

Addl. District Sub-Registrar, Behala, 28/11/07

**মং ৪৫,০০০ (পঁয়তাল্লিশ হাজার) টাকা মাত্র**
**পনমূল্যে নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল**

কোবালা গ্রহীতাঃ- পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

পশ্চিমবঙ্গ সরকার কর্ত্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা

১০৫, এস. এন. ব্যানার্জ্জী রোড, থানা-তালতলা,

কোলকাতা-৭০০ ০১৪।

A Fee Rs. 1441/- Subsequently realised vide Registration Receipt No.............. Date..............

A: D: S: R: Behala 28/11/07

ক্রমশ.....২

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये

रु.1000

ONE THOUSAND RUPEES

Rs.1000

713576

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

:: ২ ::

<u>কোবালা দাতাঃ-</u> শ্রীরতন জানা, পিতা মৃত বসন্ত কুমার জানা,
জাতি-হিন্দু, পেশা- চাকুরী,
সাং- ১২, চেতলা রোড, থানা-নিউ আলিপুর,
কোলকাতা-৭০০ ০২৭।

ক্রমশ .....৩

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

रु. 100

Rs. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 338553

:: ৩ ::

পক্ষে নিযুক্ত আমমোক্তার

শ্রী শুকলাল সিং, পিতা-মৃত দাগারু সিং,

জাতি-হিন্দু, নাগরিক- ভারতীয়, পেশা-ব্যবসা,

সাং-৩১/সি, হোচি মিন নগর, থানা-বেহালা,

কোলকাতা-৭০০ ০৬১, জেলা-দক্ষিণ ২৪ পরগণা।

ক্রমশ .....৪

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

रु. 100

Rs. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 338554

:: ৪ ::

কস্য শুভ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা-দক্ষিণ ২৪ পরগনা, থানা-মহেশতলা, সাব রেজিষ্ট্রী অফিস-আলিপুর, হাল বেহালা, পরগনা-বালিয়া, অত্র জেলা কালেকটারির ৬৫ নং তৌজি ভূক্ত, রে. সা. নং ৭৫ ৩/৪, জে. এল. নং ২৫, বর্তমানে মহেশতলা মিউনিসিপ্যালিটির অন্তর্গত, মৌজা-চক যোত শিবরামপুর গ্রামে গনিপুর ২ নং গ্রাম পঞ্চায়েত এলাকাধীন, রায়ত দখলী

ক্রমশ .....৫

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

रु. 100

Rs. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 338555

:: ৫ ::

স্বত্বীয় সাবেক ও হাল রিভিসিন্যাল জরীপের হাল খতিয়ান নং ১৪৪, হাল দাগ নং-৫৮৯ এর ৬৫ শতক শালি ও ডাঙ্গা জমিজমার মালিক ছিলেন জনৈক চক্ যোত শিবরামপুর নিবাসী শ্রী ভূপতী নস্কর মহাশয়ের পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত জমিজমা খাস দখলীয় সম্পত্তি থাকাবস্থায় তিনি উক্ত সমদুয় সম্পত্তি এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে শিবরামপুর নিবাসী শ্রী পূর্ণ চন্দ্র হালদার মহাশয়কে এককালীন চিরতরের নিস্বত্ব, স্বত্বত্যাগী ও দখলচ্যুত হয়েন।

ক্রমশ .....৬

ONE

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये **Rs. 100**

रु. 100 ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL B 338556

:: ৬ ::

তৎপরে জনৈক ফটিক চন্দ্র মাঝি মহাশয় বিগত ইংরাজী ২৭/০১/১৯৭০ তারিখে একতো সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত পূর্ণ চন্দ্র হালদার মহাশয়ের নিকট হইতে উপরিউক্ত ৬৫ শতক জমিজমা খরিদ করিয়া খাসে চাষাবাদের দ্বারা ভোগদখল করিতে থাকেন এবং উক্ত দলিল খানি বেহালা সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ১৩ নং ভল্যুমে, ১১৯ হইতে ১২১ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ১৯৭০ সালের ২৯০ নং সাফ বিক্রয় কোবালা দলিল রূপে প্রচারিত ও পরিগনিত হয়।

ক্রমশ .....৭

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

रु. 100

Rs. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ পশ্চিম बंगाल WEST BENGAL

B 338557

:: ৭ ::

তৎপরে উক্ত ফটিক চন্দ্র মাঝি মহাশয় নগদ অর্থের বিশেষ প্রয়োজনে উক্ত জমিজমার মধ্যে পশ্চিমাংশে ২৫ শতক শালি জমিজমা বিক্রয়ের ঘোষণা করিলে আমার বায়া শ্রী ফটিক হালদার, পিতা মন্মথ নাথ হালদার বিগত ইংরাজী ২২/১১/১৯৭১ তারিখে বেহালা সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৪৯ নং ভল্যুমে, ১৭২ হইতে ১৭৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ১৯৭১ সালের ৩২২০ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে ২৫ শতক বা কমবেশী ১৫ কাঠা এবং পরবর্ত্তকালে উক্ত ফটিক চন্দ্র মাঝি

ক্রমশ .....৮

एक सौ रुपये

रु. 100

Rs. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 338558

:: ৮ ::

মহাশয়ের নিকট হইতে ইংরাজী ১৯৭২ তারিখে বেহালা সাব রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৬৯ নং ভল্যুমে, ২২১ হইতে ২২৪ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ১৯৭২ সালের ৪৪২০ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে কমবেশ ১০ শতক বা ৬ কাঠা শালি জমি একুনে দুইটি দলিল মূলে ১৪৪ নং খতিয়ান ভুক্ত ৫৮৯ নং দাগে উক্ত সম্পত্তির পশ্চিম দিকে উত্তর দক্ষিণে সরাসর সর্ব্বমোট ৩৫ শতক বা ১ বিঘা ১ কাঠা শালি জমি একবন্দে খরিদ করিয়া উক্ত সম্পত্তি নিজ নাম পত্তন করাইয়া স্বনামে দাখিলাদি গ্রহনে চাষাবাদ দ্বারা খাসে ভোগবান ও দখলীকার ছিলেন।

ক্রমশ .....৯

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये **Rs. 100**

रु. 100 ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ পশ্চিম বংগাল WEST BENGAL

B 338559

:: ৯ ::

অতঃপর উক্ত ফটিক হালদার মহাশয়ের নানাবিধ বৈধ নগদ অর্থের আবশ্যক হওয়ায় তাহার খরিদা ৫৮৯ নং দাগে ১ বিঘা ১ কাঠা শালি জমিজমার মধ্যে মধ্যভাগ দিয়া ৮ ফুট প্রশস্থ রাস্তা দিয়া উক্ত সম্পত্তি ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিক্রয়ের ঘোষণা করিলে আমি অত্র কোবালা দাতা উক্ত জমিজমার মধ্যে অত্র দলিল সহিত গ্রথিত নক্সায় ২ $^{1}/_{2}$ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১(এক) কাঠা ৮(আট) ছটাক শালি জমি তৎকালীন বাজরমূল্যে বিগত ইংরাজী ২৩শে এপ্রিল ১৯৯৩ সন

ক্রমশ .....১০




পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

02AA 322917

:: ১০::

তারিখে বেহালা সাব রেজিষ্ট্রী অফিসে এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া এযাবৎ খাসে ভোগদখলে আছি যাহা উক্ত অফিসের ১ নং বহির, ১৯৯৩ সনের ২৪৬৪ নং দলিল রূপে প্রচারিত ও পরিগণিত হইয়াছে।

অতঃপর অত্র কোবালা দাতা মহেশতলা মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন করতঃ সন সন ট্যাক্সাদি ও বি. এল. এণ্ড. এল. আর. ও অফিসে খাজনাদি প্রদান করতঃ নিজ খাসে ভোগদখলে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নিব্যূঢ় স্বত্বে ষোলো আনা মালিক স্বরূপে ভোগবান ও দখলীকার আছি।

ক্রমশ .....১১




02AA 322918

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

:: ১১ ::

আরোও প্রকাশ থাকে যে, অত্র কোবালা দাতা বিগত ইংরাজী ১৪/০৩/২০০৭ তারিখে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি কমবেশী ১(এক) কাঠা ৮(আট) ছটাক বা ২ ১/২ শতক শালি জমিজমা নিজ স্বত্ব প্রচারে খাসে ভোগবান ও দখলীকার থাকাকালীন বেহালা থানার অন্তর্গত ৩১/সি, হোচি মিন নগর, কোলকাতা-৭০০ ০৬১, জেলা-দক্ষিণ ২৪ পরগণা নিবাসী শ্রী শুকলাল সিং মহাশয়কে বেহালা সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ২০০৭ সালের বুক নং- ৪, ১৬৫ নং আমমোক্তারনামা দলিল সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিয়া উক্ত সম্পত্তির রক্ষণাবেক্ষন সহ চুক্তি বিক্রয় কোবালা দলিল সম্পাদন ও রেজিস্ট্রীকরনের প্রভৃতি যাবতীয় ক্ষমতা প্রদান করি।

ক্রমশ .....১২

অতঃপর নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের প্রয়োজন হওয়ায় উক্ত মৌজা-চক যোত শিবরামপুর গ্রামে রায়ত দখলী স্বত্বীয় হাল রিভিসিন্যাল জরীপের হাল খতিয়ান নং ১৪৪, হাল দাগ নং-৫৮৯ এর ২ ১/২ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১(এক) কাঠা ৮(আট) ছটাক শালি জমিজমা হইতেছে তাহা আমি অত্র কোবালা দাতার আবেদনের ভিত্তিতে হাউসিং বোর্ড বিবেচনা করিলে আমি অত্র কোবালা দাতা বিক্রয় করিতে সম্মত হইলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউসিং ডেভলপমেণ্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ উদ্যোগ সংস্থা) কর্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার দরে/পন মূল্যে ৪৫,০০০্ (পঁয়তাল্লিশ হাজার) টাকা করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণ মূল্যের সমূহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান ২ ১/২ শতক বা স্থানীয় বাংলা মাপে ১ কাঠা ৮ ছটাক শালি জমিজমা অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরোজমিনে মাপ সুরত সীমানা সহরত পূর্ব্বক আপনাকে উহার যথারীতি খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকূলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** কে সমুদয় ভূম্যাদিতে মালিকী স্বত্বের খাস দখল দিলাম। **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেকটারীতে আমার নামের পরিবর্তে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** নিজ নাম পত্তনক্রমে খাজনাদি প্রদান পূর্বক বিক্রয়, বিলি, বণ্টন পত্তনাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মাণের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করণের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে নিব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, লভ্য সম্পর্কাদি ছিল ও আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত, বিলুপ্ত হইয়া **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** প্রতি নিব্যূঢ় স্বত্বে বর্তাইল ও অর্পিল। যদি আমি কিংবা আমার কোন ওয়ারিশান অত্র বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা

ক্রমশ ১৩

করে তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমি ইতি পূর্বে অন্য কাহারও নিকট কোনপ্রকার দান, বিক্রয়, বিলি পাওনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই, বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোনকারণে কোন অফিস আদালত কর্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিংবা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্টভূক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কাজের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটান ডেভেলপমেণ্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট বা অন্য কোন সরকারী সংস্থা কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোরপোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার টাকা মাত্র প্রদান দায়ে কোন আদালত কর্তৃক ক্রোকাবদ্ধ হয় নাই বা উহার কোনপ্রকার ইনজাংশান জারী হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনাম করি নাই বা উহা গর্ভণমেণ্ট বা কোন যৌথ কোম্পানী কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী ও খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহীতা অর্থাৎ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্বপ্রকার সার্চাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরীত্য ঘটিয়া থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমার স্বত্ব দখলের কোন গোলযোগ হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোনপ্রকার ক্ষতি হইলে আমি সম্পূর্ণ দায়ী দণ্ডনীয় হইব এবং আইনতঃ ক্ষতিপূরণ সহ পণ মূল্যের সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যাহা বর্তমানে আমার নিকট আছে তাহা সমুদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাসমতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশানগণক্রমে দিতে বাধ্য রহিলাম।

ক্রমশ .....১৪

আরোও প্রকাশ থাকে যে, অত্র দলিলে ভবিষ্যতে যদি কোন ভুল ত্রুটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাতা ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে আপনার খরচায় উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য থাকিলাম এবং থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নক্সায় "লাল" রং এ রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে যাহা নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যাতায়াতের রাস্তা আপনার সর্ববিধ ব্যবহারের জন্য রহিল এবং উক্ত রাস্তার উপর দিয়া যাতায়াত, ভারা বাঁধা, মণ্ডপ নির্মাণ এবং উপর বা নীচ দিয়া বিদ্যুৎ সংযোগ জল, নিষ্কাশিনী ড্রেণ, গ্যাসেজ পাইপ, টেলিফোন সংযোগ, বিদ্যুত স্তম্ভ নির্মাণ প্রভৃতি করিতে পারিবেন তাহাতে আমি বা আমার কোন ওয়ারিশানগনের কাহারও কোন ওজর আপত্তি চলিবে না।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পনের টাকা স্বাক্ষীগনের সন্মুখে গ্রহনকরতঃ এবং অত্র দলিলের বিষয়বস্তু সম্পূর্ণরূপে অবগত হইয়া স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ২০০৭ সালের ৩০শে এপ্রিল, মোতাবেক বাংলা ১৪১৪ সালের ১৬ই বৈশাখ।

## তপশীল বিক্রীতসম্পত্তির পরিচয়

জেলা-দক্ষিণ ২৪ পরগনা, থানা-মহেশতলা, সাব রেজিষ্ট্রী অফিস-আলিপুর, হাল বেহালা, পরগনা-বালিয়া, অত্র জেলা কালেকটারির ৬৫ নং তৌজি ভূক্ত, রে. সা. নং ৭৫ $^{3}/_{4}$, জে. এল. নং ২৫, বর্তমানে মহেশতলা মিউনিসিপ্যালিটির অন্তর্গত, মৌজা-চক যোত শিবরামপুর গ্রামে গনিপুর ২ নং গ্রাম পঞ্চায়েত এলাকাধীন, রায়ত দখলী স্বত্বীয় সাবেক ও হাল রিভিসিন্যাল জরীপের হাল খতিয়ান নং ১৪৪, হাল দাগ নং-৫৮৯ এর ৬৫ শতক শালি ও ডাঙ্গা জমিজমার মধ্যে ২ $^{1}/_{2}$ শতক বা স্থানীয় বাংলা

ক্রমশ .....১৫

:: ১৫ ::

মাপে কমবেশী ১(এক) কাঠা ৮ (আট) ছটাক শালি জমিজমা অত্র বিক্রীত সম্পত্তি হইতেছে। ইহার হারাহারী মতে বার্ষিক খাজনা টাকা বর্তমানে মালিক জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগনা আলিপুর সাব ডিভিসন্যাল ল্যাণ্ড রিফর্ম অফিসার সদর সরকারে আদায় দিতে হয়।

তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি ঃ-

অত্র বিক্রীত কমবেশী ১ কাঠা ৮ ছটাক শালি ও ডাঙ্গা জমিজমা

উত্তর ঃ- ৫৮৯ নং দাগেতু অবশিষ্ট জমি,

দক্ষিণ ঃ- ৫৯০ নং দাগেতু জমি,

পূর্বঃ - ৫৮৯ নং দাগেতু জমি,

পশ্চিম ঃ- ৫৮৯ নং দাগেতু জমি,

টাকার জায়

| চেক নং | তারিখ | ব্যাঙ্ক | টাকা |
|---|---|---|---|
| নগদে [illegible] | | | ৪৫,০০০ |

(মং পঁয়তাল্লিশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম)।

ইসাদী ঃ-

১। Deba Kamal Ganguly, 10, Prasanta Roy Road, Kolkata - 700034

২। Saurabh Banerjee, [illegible] Kol-700047

কোবালা দাতার স্বাক্ষর

মুসাবিদাকারক ঃ-

Timir Baran Khatuya.
তিমির বরন খাটুয়া
এ্যাডভোকেট
আলিপুর জর্জ কোর্ট, কোলকাতা-২৭।

কম্পিউটার প্রিন্ট ঃ-
Tufan Ganguly.
তুফান গাঙ্গুলী
আলিপুর জর্জ কোর্ট, কোলকাতা-২৭।

COPY PREPARED BY
31 JAN 2009


Certified to be a True Copy of the original document which has not yet been Transcribed.

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

31 JAN 2009



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name ..............................

Signature

| PHOTO | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................

Signature ..............................

| PHOTO | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

lame ..............................

ignature ..............................

| PHOTO | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

ıme ..............................

ɟnature ..............................